

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেঞ্জ কর্মকর্তার কার্যালয়  
বহেড়াতলী রেঞ্জ, টাঙ্গাইল বন বিভাগ।

স্মারক নং-২২.০১.০০০০.৬৬১.২৮.০১.২২ .

তারিখ:- ১১/০৫/২০২২

### নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৫/২২ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় জনাব মোঃ শফিউল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর উপজেলা এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:-

- ১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
- ২। সখিপুর উপজেলার সংরক্ষিত বনাঞ্চলে অবৈধভাবে গাছ কর্তন ও জবর দখল প্রতিরোধ।
- ৩। অবৈধভাবে স্থাপিত করাত কল উচ্ছেদ।
- ৪। বিবিধ।



এইচ.এম. এরশাদ  
রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ

ও

সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটি  
সখিপুর, টাঙ্গাইল।

## সখিপুর উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিউল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর।  
সভার তারিখ ও সময় : ১২/০৫/২২ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা।  
সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক" তে উল্লেখিত।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার জন্য উপস্থিত সকলকে আহবান করেন। সভার শুরুতে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব জনাব এইচ,এম এরশাদ ফরেস্টার, রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ আলোচ্য বিষয়ে সভায় উপস্থাপন করেন।

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বন বিভাগ	<b>জ্বরদখল, মাটিকাটা ও গাছকাটা :</b> সদস্য সচিব সভাকে জানান যে, সখিপুর উপজেলা সরকারী সংরক্ষিত বনভূমি হতে কোন মাটি কাটা হচ্ছে কিনা তা আমার জানা নেই। তবে খোঁজখবর নিয়া যদি সংরক্ষিত বনভূমিতে কোন মাটিকাটা হয় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে সখিপুর উপজেলার উপস্থিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের কাছে জানতে চাওয়া হলে তারা জানান যে, মাটিকাটা বিষয়টি তাদের দৃষ্টি গোচর হয়নি এবং এ বিষয়ে তাদের নিকট কোন সু-নির্দিষ্টভাবে কেউ কোন অভিযোগ করেনি। এ বিষয়ে অভিযোগ আসলে বা দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। গাছ কাটার বিষয়ে সদস্য সচিব জানান যে, অবৈধভাবে কোন গাছ কাটা হচ্ছে না। যে গাছগুলি কাটা হচ্ছে তা সামাজিক বনায়নের গাছ সরকারী ভাবে টেন্ডারের মাধ্যমে বিক্রয় করত; আইনগত ভাবে কর্তন করা হচ্ছে।	আলোচ্য বিষয় সভায় ব্যাপক আলোচনার পর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, অবৈধভাবে যাতে কেউ সরকারী বনভূমি জ্বরদখল ও সরকারী বনভূমি হইতে মাটি ও গাছ কাটতে না পারে সে বিষয়ে সর্বক দৃষ্টি রাখার জন্য রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ ও হতেয়া রেঞ্জকে জানানো হয়।	বন বিভাগ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।
০২	বন বিভাগ	<b>অবৈধভাবে স্থাপিত/পরিচালিত করাত কল সমূহ উচ্ছেদ:</b> সদস্য সচিব সভাকে জানান যে সখিপুর উপজেলা সরকারী বনাঞ্চল অধ্যুষিত এলাকা। করাতকল বিধিমালা-২০১২ অনুযায়ী সরকারি বনভূমি হতে ১০ কিঃমিঃ দূরত্বের মধ্যে করাত কল স্থাপন/পরিচালনা করা পৌর এলাকা ব্যতিত) সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তা সত্ত্বেও সরকারি বিধি বিধান লংঘন করে সখিপুর উপজেলাধীন বহেড়াতলী, হতেয়া ও বাশতৈল রেঞ্জ এলাকায় দীর্ঘদিন যাবত সরকারি বনভূমি হতে ১০ কিঃ মিঃ এর মধ্যে প্রায় শতাধিক করাত-কল স্থাপিত/পরিচালিত হয়ে আসছে। মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৫১৬১ অব ২০১১ এর গত ০৫/০৭/২০১৬ খ্রি: তারিখে প্রদত্ত আদেশে টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলার বনাঞ্চল রক্ষায় অবৈধভাবে স্থাপিত করাত কল সমূহ উচ্ছেদ পূর্বক অগ্রগতির প্রতিবেদন মাসিক ভিত্তিতে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এতদশ্রেণিতে ইতোপূর্বে বন বিভাগ ও পুলিশ প্রশাসন যৌথভাবে অভিযান পরিচালনা করে করাত কল উচ্ছেদ করেন।	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৫১৬১ অব ২০১১ এর গত ০৫/০৭/২০১৬ খ্রি: তারিখের আদেশ সম্মত রেখে জরুরী ভিত্তিতে অবৈধভাবে স্থাপিত/পরিচালিত করাত কলগুলির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণসহ ভবিষ্যতে যাতে নতুনভাবে কোন অবৈধ করাত কল স্থাপিত হতে না পারে সেদিকে সর্বক দৃষ্টি রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	বন বিভাগ

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শফিউল ইসলাম  
উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর উপজেলা


সভাপতি, উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি, সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং-২২.০১.০০০০.৬৬১.২৮.০০১.

তারিখ:- ১২/০৫/২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নিবাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। জনাব -----
- ৪। অফিস কপি।



এইচ,এম এরশাদ  
রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ

সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি, সখিপুর, টাঙ্গাইল।